মহমেডানে সভাপতি বদল

মহমেডান স্পোর্টিং ক্লাবে গুলাম আশরফের পরিবর্তে সভাপতির পদে ফিরিয়ে আনা হল পুরোনো মুখ আমিরুদ্দিন ববিকে।

ইউরোপার আতঙ্ক বার্সা শিবিরে

–খবর তেরোর পাতায়

e-Tender Notice
Office of the Magurmari-2 Gram Panchayat
Dhupguri Block, Jalpaiguri

Notice Inviting e-Tender by the undersigned for different work vide e-NIT No :- 02 (2nd Call)/MGP-II/2021 & e-NIT No :- 03/MGP-II/2021, Date:- 24.11.2021. Last date and time of online bid submission 03.12.2021 at 18.00 Hrs. For further details following site may be visited **https://wbtenders.gov.in.**

Pradhan
Magurmari-2 Gram Panchayat

e-TENDER NOTICE
Office of the Tesimla Gram Panchayat
Tesimla : Mal : Jalpaiguri

Notice inviting e-Tender by the undersigned for different works vide NIT No. eNIT-02/PBG/TGP/2021-22 dated 24-11-2021. Last date and time of online bid submission : 08.12.2021 upto 18:55 hours. For further details following site may be visited **https://wbtenders.gov.in**

Prodhan
Tesimla Gram Panchayat
Mal, Jalpaiguri

NIT

The office of the undersigned invites Tender for 02/BDO/MNG. Last date of Application is 30.11.2021 upto 5 P.M. For further details please contact the concerned office of the undersigned.

Sd/-
BDO
Maynaguri Development Block

NIT

The office of the undersigned invites Tender for 03/BDO/ET/21-22. Last date of Application is 30.11.2021 upto 5 P.M. For further details please contact the concerned office of the undersigned.

Sd/-
BDO
Maynaguri Development Block

ডার্বি জিতে পার্চে খুশি করতে চান সমর্থকদের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ নভেম্বর : এর আগে সাইপ্রাসের ক্লাবে খেলার সময়ে প্রথম ম্যাচে মাঠে নেমেই তাঁর গোল ছিল। সেবার জিতেছিলেন। তাই আশা ছিল, এরকম কিছু এবারও ঘটবে। তবে এবারও জয় না এলেও সেই ফ্রাঞ্জো পার্চের গোলে প্রথম ম্যাচেই পয়েন্ট এসেছে এসসি ইস্টবেঙ্গলের খাতায়।

ডিফেন্সও সামাল দিয়েছেন যথেষ্ট তৎপরতার সঙ্গে। এর সঙ্গে প্রথম ম্যাচেই গোল করে সমর্থকদেরও পছন্দের হয়ে উঠেছেন। স্বাভাবিকভাবেই এখন একমাত্র লক্ষ্য ডার্বিতে জয়। তবে সেটা যে সহজ নয়, সেটা ভালোই বুঝতে পারছেন। একসঙ্গে রয় কৃষ্ণা, হুগো বৌমৌস, লিস্টন কোলাসো, মনবীর সিংদের সামাল দেওয়া যথেষ্টই কঠিন যে কোনও ডিফেন্সের পক্ষেই। তাও সমর্থকদের মুখে হাসি ফোটাতে বদ্ধপরিকর পার্চে। ২৭ নভেম্বরের মেগা ডার্বি প্রসঙ্গে বলছিলেন, 'এই ম্যাচটার গুরুত্ব কী, সেটা এতদিনে বুঝে গিয়েছি। প্রতিদিনই ম্যাচ দেখি। আর বিরতিতে ডার্বির নানা গল্প শুনছি। ওই ম্যাচে কীভাবে সমর্থকরা চিৎকার করে, সেসবও দেখছি। ভারতীয় ফুটবলাররা সকলেই নানা গল্প বলছে এই ম্যাচটা সম্পর্কে। ফলে ডার্বি সম্পর্কের গুরুত্ব সম্পর্কে অনেককিছু জেনে গিয়েছি এতদিনে।'

এসসি ইস্টবেঙ্গলের রক্ষণে ভরসা জোগাচ্ছেন ফ্রাঞ্জো পার্চে।

এটিকে মোহনবাগান সম্পর্কে তাঁর বিশ্লেষণ, 'ওদের দলের আক্রমণভাগ দুর্দান্ত। আমাদের ডিফেন্সের পক্ষে ওরকম একটা অ্যাটাক লাইন সামলানো সহজ কাজ নয়। ম্যাচটা যথেষ্ট কঠিন হতে চলেছে। তবু আশা করছি, ম্যাচের পর আমরাই উৎসব পালন করতে পারব। এবং সমর্থকদের মুখে হাসি ফুটবে।'

তবে প্রথম ম্যাচের নিরিখে যে প্রচুর উন্নতি দরকারও সেটাও জানেন লাল-হলুদের এই ক্রোয়েশিয়ান ডিফেন্ডার। নিজেই সেই প্রসঙ্গ তোলেন, 'আমরা প্রথম ম্যাচে যা খেলেছি, তার থেকে অনেক উন্নতি করতে হবে। প্রত্যেকে কিছু না কিছু ভুল করেছি। আমাদেরও আরও কঠোর অনুশীলন করতে হবে। ফোকাস ঠিক রাখাটা খুব জরুরি। তবে আমরাও একশো শতাংশ দিতে তৈরি।' প্রথম ম্যাচেই গোল পেতে পারেন, এমনটা নাকি তিনি আগাম আন্দাজ করেছিলেন। কারণ এর আগেও তাঁর জীবনে একই ঘটনা ঘটেছে। নিজেই খোলসা করেন ব্যাপারটা, 'আমার কেন যেন মনে হচ্ছিল, এখানে এসে প্রথম ম্যাচেই আমি গোল পেতে পারি। সাইপ্রাসের এসি ওমোনিয়াতেও একই ব্যাপার ঘটেছিল। তাই ম্যাচের আগেই মনের মধ্যে হচ্ছিল যে আমি হয়ত গোল পাব। তবে ওখানে ম্যাচটা আমরা ১-০ জিতেছিলাম। কিন্তু এখানে দুর্ভাগ্যজনকভাবে ম্যাচটা ড্র করে ফিরতে হল।'

তবে এসব নিয়ে ভেবে আর সময় নষ্ট করতে রাজি নন পার্চে। এখন গোটা দলের মতো, তাঁরও একটাই লক্ষ্য, ডার্বি জিতে সমর্থকদের খুশি করা।

ইস্টবেঙ্গল ডিফেন্সকে গুরুত্ব দিচ্ছেন রয় কৃষ্ণা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ নভেম্বর : লাল হলুদের ডিফেন্সকে যেমন গুরুত্ব দিচ্ছেন, একইভাবে গোলে অরিন্দমের থাকা অ্যাডভান্টেজ বলে মনে করছেন রয় কৃষ্ণা।

এদেশে আসার পর থেকেই এই ডার্বির কথা শুনে এসেছেন তিনি। আর গত মরশুমে শুধু খেলা নয়, গোল করারও সৌভাগ্য হয়েছে ফিজিয়ান তারকার। জানেন, এবারও তাঁর দিকেই তাকিয়ে সবুজ মেরুন সমর্থকরা। এমনতিই মেরিনার্সরা এখন একটু অভিমান করে বসে আছেন কর্তৃপক্ষের উপরে। এই সম্মানের ম্যাচে না জিততে পারলে সেই ক্ষোভ-অভিমান সব আরও বাড়বে। দুই ডার্বিতেই গত মরশুমে গোল করা বাগান স্ট্রাইকার জানালেন, 'আমার দলের জয়ই বড় ব্যাপার। সেটা আমার গোলে হোক কী, কাউকে বল বাড়িয়ে হোক। এমনকি ডিফেন্স করেও যদি জেতাতে পারি, তাতেও আপত্তি নেই। ব্যক্তিগতভাবে গোলের সংখ্যা বাড়ানোর একটা চ্যালেঞ্জ নিজের কাছে থাকেই।' এমনিতেই কাগজে কলমে এগিয়ে এটিকে মোহনবাগানই, তবু ডার্বিতে আগাম কিছু বলা মুশকিল বলেই হয়তো প্রতিপক্ষকে খাটো করে দেখতে নারাজ দলের এক

এটিকে মোহনবাগানকে গোল এনে দিতে তৈরি হচ্ছেন রয় কৃষ্ণা। বুধবার।

নম্বর স্ট্রাইকার। এসসি ইস্টবেঙ্গল সম্পর্কে তাঁর বিশ্লেষণ, 'আমি ওদের প্রথম ম্যাচটা দেখেছি। যথেষ্ট ভালো দল। বিশেষত ব্যাকলাইনকে দুর্ভেদ্য লেগেছে এবার। গোলে গত মরশুমের সেরা অরিন্দম ভট্টাচার্যের থাকাটাও ওদের অ্যাডভান্টেজ।'

তাঁর এবং হুগো বৌমৌসের জুটি এখন ভারতীয় ফুটবলে সবেথেকে চর্চিত বিষয়। এই বিষয়ে জানতে চাওয়া হলে কৃষ্ণার মন্তব্য, 'হুগো একজন ভালো প্লে-মেকার। ফলে ও আমাদের জন্য প্রচুর সুযোগ তৈরি করে দেয়। ওর টাচগুলোও অসাধারণ। যা থেকে ওর কেরালা ম্যাচে দুটো গোল এসেছে। ওর সঙ্গে খেলাটা উপভোগ করছি। মাঠে আরও কিছু উপভোগ্য মুহূর্ত তৈরি করার দিকে তাকিয়ে আছি।' তাঁর জন্য ম্যান মার্কিং থাকাটাই স্বাভাবিক।

এখন কিন্তু বাগানে হুগো, লিস্টন কোলাসো, মনবীর সিংদের মতো একাধিক আক্রমণাত্মক ফুটবলার থাকায় প্রতিপক্ষ ডিফেন্ডাররা দিশেহারা কাকে ছেড়ে কাকে ধরবেন, তা নিয়ে। এতে তাঁর উপর থেকে চাপ কমে যাচ্ছে কিনা জানতে চাওয়া হলে বলেন, 'এখন প্রতিপক্ষের কাছে আমাদের অ্যাটাক লাইনকে আটকানো চ্যালেঞ্জ। তার মানে এই নয় যে, আমার চাপটা সরে গিয়েছে। যে সুযোগই আসবে তা কাজে লাগানো।' তবে এতকিছুর পরেও তিনি মনে করেন, কেরালা ব্লাস্টার্স ম্যাচে তাঁদের কিছু ভুলত্রুটি হয়েছে। যা শুধরে নিয়েই ডার্বিতে নামতে হবে। বিশেষকরে দ্বিতীয়ার্ধে মনসংযোগ হারানো মেনে নিতে পারছেন না। কোচ যে তাঁদের মনসংযোগ ধরে রেখে লক্ষ্যে স্থির থাকার নির্দেশ দিয়েছেন, সেটাও জানালেন বাগানের কৃষ্ণা।

জিতে শিল্ড শুরু রিয়াল কাশ্মীরের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ নভেম্বর : জয় দিয়ে আইএফএ শিল্ড অভিযান শুরু করল রিয়াল কাশ্মীর। টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে ইন্ডিয়ান অ্যারোজকে ৩-০ গোলে হারাল গতবারের চ্যাম্পিয়নরা।

ম্যাচের ২৫ মিনিটে ফ্রান গঞ্জালেস মুনোজের গোলে এগিয়ে যায় স্নো লেপার্ডরা। পাঁচ মিনিটের ব্যবধানে প্রতেশ শিরোদকার ২-০ করেন। দ্বিতীয়ার্ধে ব্যবধান বাড়ান থোই সিং। জয় দিয়ে শুরু করতে পেরে খুশি রিয়াল কাশ্মীর কোচ ডেভিড রবার্টসন। ম্যাচের সেরা ফ্রান গঞ্জালেসের কথায়, 'ইন্ডিয়ান অ্যারোজ লড়াকু দল। জয়ের জন্য আমরা শুরু থেকে ঝাঁপিয়েছিলাম। গতবার এখান থেকে চ্যাম্পিয়ন হয়ে ফিরেছিলাম। এবারও শিরোপা ধরে রাখার ব্যাপারে আমরা আশাবাদী।'

জিততে না পারলেও দলের খেলায় হতাশ নন ইন্ডিয়ান অ্যারোজ কোচ সম্মুগম ভেঙ্কটেশ। তিনি বলেন, 'শিল্ড আমাদের কাছে আই লিগের প্রস্তুতি টুর্নামেন্ট। টুর্নামেন্টে নামার আগে আমরা দুই-একটি প্রস্তুতি ম্যাচ খেলেছি। দলের মধ্যে বোঝাপড়ার অভাব আছে। আশা করছি ভুলত্রুটি শুধরে পরের ম্যাচে আমরা ঘুরে দাঁড়াব।' শিল্ডের উদ্বোধনী ম্যাচ বলে এদিন ইস্টবেঙ্গল মাঠে হাজির ছিলেন বেশ কিছু ফুটবলপ্রেমী। ছিলেন আইএফএ-র চেয়ারম্যান সুব্রত দত্ত, সভাপতি অজিত বন্দ্যোপাধ্যায়, সচিব জয়দীপ মুখোপাধ্যায়রা। বিরতিতে প্রয়াত প্রাক্তন ফিফা রেফারি সুধীন চট্টোপাধ্যায়ের স্মরণে এক মিনিটের নীরবতা পালন করা হয়।



সন্তোষ ট্রফি

জয়ের লক্ষ্যে নামছে বাংলা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ নভেম্বর : সন্তোষ ট্রফির মূলপর্ব নিশ্চিত করতে বৃহস্পতিবার কল্যাণী স্টেডিয়ামে সিকিমের বিরুদ্ধে নামছে বাংলা। বাংলার মতো উত্তর-পূর্বের রাজ্যটিও ছত্তিশগড়ের বিরুদ্ধে ২-০ ব্যবধানে জিতেছে। তাই জিতে পরের পর্বে যাওয়ার সুযোগ রয়েছে দুই দলের সামনেই। তবে প্রতিপক্ষকে বাড়তি গুরুত্ব দিতে নারাজ বাংলা কোচ রঞ্জন ভট্টাচার্য। তাঁর কথায়, 'আমরা নিজেদের শক্তি অনুযায়ী খেলতে পারলে অন্তত ৩ গোলে জেতা উচিত। ছেলেদের বলেছি, চাপ না নিয়ে মাঠে স্বাভাবিক খেলাটা খেলতে। আশা করছি পরের পর্বে যেতে কোনও সমস্যা হবে না।'

মঙ্গলবার কল্যাণী স্টেডিয়ামে বসে সিকিমের ম্যাচ দেখেছেন। সেই অভিজ্ঞতা থেকে বললেন, 'সিকিম দলটা টেকনিক্যালি ভালো, গতিও আছে। তবে ফুটবলারদের মানে বাংলা এগিয়ে।' অনভিজ্ঞতার জন্য ফুটবলাররা শেষ ম্যাচে বেশ কিছু সুযোগ নষ্ট করেছিল বলে মনে করছেন তিনি। তবে সিকিম ম্যাচে সেসব সমস্যা কাটিয়ে ওঠার বিষয়ে আশাবাদী ময়দানের এই পোড়খাওয়া কোচ। ছত্তিশগড়ের মতো সিকিম ম্যাচেও শুরুতে লিড নেওয়ার ওপর জোর দিচ্ছে বাংলা। সূত্রের খবর, ডু অর ডাই ম্যাচে দলকে উৎসাহ দিতে কল্যাণীতে উপস্থিত থাকবেন সচিব জয়দীপ মুখোপাধ্যায় সহ একঝাঁক আইএফএ কর্তা।

জুনিয়ার হকি বিশ্বকাপ

ফ্রান্সের কাছে হার ভারতের

ভুবনেশ্বর, ২৪ নভেম্বর : জুনিয়ার হকি বিশ্বকাপের শুরুতেই ভারতকে হারিয়ে চমকে দিল ফ্রান্স। ৫-৪ গোলে পুল 'বি'-র ম্যাচে হেরে চাপে গতবারের চ্যাম্পিয়নরা। শুরুতেই ২-০ গোলে এগিয়ে যায় ফ্রান্স। কিন্তু প্রথমার্ধেই ভারত ২-২ করে দিয়েছিল। বিরতির আগেই অবশ্য ফ্রান্স তিন নম্বর গোলটি তুলে নেয়। একটা সময় ফরাসিদের পক্ষে ব্যবধান দাঁড়িয়েছিল ৫-২। সেখান থেকে ভারত দুইটি গোল ফেরালেও ম্যাচ জিতে ফিরতে পারেনি। হেরে গেলেও সঞ্জয় অবশ্য হ্যাটট্রিক করেছেন। ভারতের পক্ষে এটাই যা আশার কথা। ফ্রান্সের ক্লেমেন্ট টিমোথিও হ্যাটট্রিক করেছেন। ম্যাচের সেরার পুরস্কার তাঁকেই দেওয়া হয়েছে।

হারল বেঙ্গালুরু

ভাস্কো দা গামা, ২৪ নভেম্বর : আইএসএলে বুধবার বেঙ্গালুরু এফসি-কে ৩-১ গোলে হারিয়ে দিল ওড়িশা এফসি। জাভি হার্নান্ডেজ জোড়া গোল করেন। তাদের অন্য গোলটি আরিদাই কাবরেইরার। বেঙ্গালুরুর হয়ে একটি গোল ফেরান অ্যালান কোস্টা।

জিতল ঐক্য

রায়গঞ্জ, ২৪ নভেম্বর : জেলা ক্রীড়া সংস্থার ক্রিকেট লিগে বুধবার ঐক্য সম্মিলনী ১ উইকেটে জিতেছে রয়্যাল যুব সংঘের বিরুদ্ধে। রায়গঞ্জ স্টেডিয়ামে টসে জিতে রয়্যাল ৩০.১ ওভারে ১৪২ রানে অলআউট হয়। সজল হালদার ৩৫ ও বিশ্বরূপ রক্ষিত ১৮ রান করেন। সৌগত সিং ১৫ ও শিবশংকর গুপ্ত ২৬ রানে নেন ২ উইকেট। জবাবে ঐক্য ৩৫.১ ওভারে ৯ উইকেটে ১৪৩ রান তুলে নেয়। সাগর সামন্ত ৩১ ও শিবশংকর ২৩ রান রেখে এসেছেন। প্রিন্স সাহা ২৭ রানে ফেলে দেন ৫ উইকেট। ভালো বোলিং করেছেন সজল হালদারও (৪০/২)। বৃহস্পতিবার খেলবে অশোকপল্লি স্পোর্টস অ্যান্ড গেমস ও আইডলস ক্রিকেট ক্লাব।

জলপাইগুড়ি টাউন জয়ী

আলিপুরদুয়ার, ২৪ নভেম্বর : ডুয়ার্স ক্রিকেট অ্যাকাডেমির উদ্যোগে ও আলিপুরদুয়ার টাউন ক্লাবের সহযোগিতায় আয়োজিত ডুয়ার্স কাপ অনূর্ধ্ব-১৯ টি২০ লিগ ক্রিকেটে বুধবার জলপাইগুড়ি টাউন ক্লাব ৮ উইকেটে হারিয়েছে বিজয় স্পোর্টস ক্রিকেট অ্যাকাডেমিকে। টসে জিতে বিজয় ১৪.৩ ওভারে ৩৫ রানে গুটিয়ে যায়। তাদের সর্বোচ্চ ১৩ রান ভাস্কর দাসের। ম্যাচের সেরা প্রিয়াংশু দাস ৭ রানে নিয়েছে ৪ উইকেট। ভালো বোলিং করেছে পাপ্পু সাহাও (২/২)। জবাবে জলপাইগুড়ি টাউন ৪.১ ওভারে ২ উইকেটে ৩৬ রান তুলে নেয়। শীর্ষ সরকারের অবদান ২৩ রান। শুভঙ্কর বিশ্বাস ১২ রানে ২ উইকেট নেয়।

ফাইনালে পোয়ারগাঁও

মাদারিহাট, ২৪ নভেম্বর : টোটোপাড়া পাইকিংশা ক্লাবের দিওয়ালি ক্যাশ রিওয়ার্ডিং ফুটবলে ফাইনালে উঠল টোটোপাড়া পোয়ারগাঁও ইউনাইটেড। টোটোপাড়া হাইস্কুল মাঠে বুধবার দ্বিতীয় সেমিফাইনালে তারা টাইব্রেকারে ৫-৩ গোলে হারিয়েছে জয়গাঁর খোকলা ইয়ং স্টার বয়েজ ক্লাবকে। নির্ধারিত সময়ে স্কোর ছিল ১-১। পোয়ারগাঁওয়ের নাইজিরিয়ান ফ্রাঙ্কো গোল করেন। খোকলার গোলটি সানি লামার। রবিবার ফাইনালে পোয়ারগাঁও খেলবে মহাকালগুড়ি মুসা ক্লাবের সঙ্গে।

সন্তু, অলোকদের সংবর্ধনা আজ

জলপাইগুড়ি, ২৪ নভেম্বর : জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে বৃহস্পতিবার সন্ধ্যায় ক্রীড়া ক্ষেত্রে সাংগঠনিক দক্ষতার জন্য প্রাক্তন খেলোয়াড় সন্তু চট্টোপাধ্যায়, ভোলা মণ্ডল ও অলোক সরকারকে সংবর্ধনা দেওয়া হবে। সংস্থার সচিব কুমার দত্ত জানিয়েছেন, সংবর্ধিত করা হবে তাদের সংস্থার কার্যনির্বাহী সমিতির সদস্যদেরও।

রানার্স টাউন ক্লাব

জলপাইগুড়ি, ২৪ নভেম্বর : জেলা ক্রীড়া সংস্থার সুপার ডিভিশন ফুটবল লিগে রানার্স হল টাউন ক্লাব। লিগের শেষ ম্যাচে বুধবার তারা ২-০ গোলে হারিয়েছে রায়কতপাড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশনকে। প্রথমার্ধে পাপ্পু রায়ের গোলে টাউন এগিয়ে যায়। দ্বিতীয়ার্ধে দেবজিৎ রায় ব্যবধান বাড়ান। টাউন ও নেতাজি মডার্নের পয়েন্ট সমান। গোল পার্থক্যে টাউন ক্লাব রানার্স হল। টাউন ও নেতাজি মডার্ন ছয়টি ম্যাচ খেলে ১০ পয়েন্ট পেয়েছে। টাউন ১০ গোল করেছে। মডার্নের গোলসংখ্যা ৯। আগেই চ্যাম্পিয়নশিপ জয় নিশ্চিত করেছে জেওয়াইএমএ।

Authorised Dealers :

KHOKAN MOTORS : SILIGURI, JALPAIGURI, DARJEELING, RAIGANJ KALIMPONG, ISLAMPUR, BALURGHAT GANGARAMPUR, COOCHBEHAR, ALIPURDUAR FALAKATA, BIRPARA & MALBAZAR 74284 50375 (S), 74282 01695 (C)	SONA WHEELS : SILIGURI, JALPAIGURI, DARJEELING KALIMPONG, ISLAMPUR COOCHBEHAR, ALIPURDUAR FALAKATA, BIRPARA & MALBAZAR : 74284 50572	M. S. MOTORS NADIA & MURSHIDABAD 74284 50376	S. N. MOTORS MURSHIDABAD 74284 50439 74284 01719

সম্পাদক : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী : মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী- ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন : ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স : ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস : থানামোড়, জলপাইগুড়ি- ৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড, কোচবিহার- ৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা- ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ : ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন : ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ৯৮০০৫৮৫৯৫০ (বিজ্ঞাপন ও অফিস)। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২, সার্কুলেশন : ৯৭৭৫১৩৪৪০১, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in